

সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সমাজসেবা অধিদফতরাধীন পি.এইচ.টি সেন্টার, রাজশাহীর দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে আসন শূন্য থাকা সাপেক্ষে ০৬ (ছয়) থেকে ০৮ (আট) বছরের দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধী ছেলে-মেয়েকে শিশু শ্রেণি হতে অষ্টম শ্রেণি পর্যন্ত আবাসিক ছাত্র-ছাত্রীর ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম অফিস চলাকালীন নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হবে।


১. ভর্তির ফরম বিতরণ ও গ্রহণ : ৩০ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ পর্যন্ত।
২. প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ ও ফলাফল প্রকাশ : ০৩ জানুয়ারী, ২০২৪ খ্রিঃ। বুধবার সকাল ১০টা হতে শুরু হবে।
৩. ভর্তির তারিখ : ০৪ জানুয়ারী, ২০২৪ খ্রিঃ। সকাল ১০.৩০ মিনিট হতে শুরু হবে।

বাংলাদেশের যেকোন স্থান হতে আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি ছবি (রঞ্জিন), ইউনিয়ন পরিষদ/পৌর/সিটি কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, সুবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি (প্রতিবন্ধী পরিচয়পত্র), রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক দৃষ্টি/বাক-শ্রবণ প্রতিবন্ধীতা এবং শারীরিক ও মানসিক সুস্থতা সম্পর্কিত সনদপত্র, রক্তের গ্রুপ, পিতা-মাতা/অভিভাবক এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নং এবং ০১ (এক) কপি ছবি জমা দিতে হবে।

উল্লেখ্য, সম্পূর্ণ সরকারি খরচে নিবাসীদের থাকা খাওয়া, ইশারা ভাষার শিক্ষক দ্বারা পড়া লেখার সুযোগ, চিত্তবিনোদন এবং প্রশিক্ষণের সুব্যবস্থা রয়েছে। বর্তমানে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা কম্পিউটার ও সেলাই (দর্জি বিজ্ঞান) প্রশিক্ষণ চলমান রয়েছে।

ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। যেকোন প্রয়োজনে যোগাযোগ করুন। মোবাইল নং ০১৭৩১-২৯২১৭১ প্রধান শিক্ষক, বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়।

বিঃদ্রঃ ভর্তি ফরম phtc.rajshahidiv.gov.bd সাইটে পাওয়া যাবে।


১৮.১২.২৩

মোঃ তোহিদুজ্জামান

তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক)

পি.এইচ.টি সেন্টার, রাজশাহী।

ফোন নং ০২৫৮৮৫৭৭৫৮

Email: ad.phtc.rajshahi@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. জেলা প্রশাসক, রাজশাহী।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বহল প্রচারের জন্য আপনার আওতাধীন সকল শহর/উপজেলা সমাজসেবা কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।